# ইলিশায়



Published by the Comic Bible Society, LLC
Copyright © 2021

Kingstone Comics maintains copyright to this comic book as provided by United States copyright law.

Print and digital copies of this version may be freely distributed without penalty under a Creative Commons license.



ইলিশায় তাঁর শিক্ষক এলিয়ের মৃত্যুর পরে, তার কাছ থেকে চলে যাওয়ার দুঃখের প্রতীক হিসাবে তাঁর পোশাক ছিঁড়েছিলেন।
শান্তিতে বিশ্রাম!
এলিয়ের পোশাকটি ইলিশায় নিজের কাছে রাখলেন। এলিয়ের আত্মা যে তাঁর সাথে রয়েছে এটি ছিল তার প্রতীক।
এখন এলিয়ের ঈশ্বর সদাপ্রভু কোথায়?
এলিয়ের আত্মা ঈশ্বরের উপর ভর করেছে।
ভাববাদীরা ইলীশায়কে সম্মান দেখানোর প্রতীক হিসাবে মাথা নত করলেন,এখন তিনি ইস্রায়েলের প্রধান নবী ।
আমরা এখানে আপনার পঞ্চাশজন শক্তিশালী দাস রয়েছি; আমরা গিয়ে আপনার গুরুকে খুঁজে দেখি।
সম্ভবত সদাপ্রভুর আত্মা হয়তো তাকে তুলে নিয়ে গিয়ে কোন পাহাড়ে কিংবা কোন উপত্যকায় নামিয়ে রেখেছেন।
না-যেয়ো না।






২য় রাজাবলী ২:১৬-২২




২য় রাজাবলী ২:২৩-২৫



পিতা আহাব মারা যাবার পরে রাজা যোরাম রাজত্ব করেন।
তিনি প্রতিমা পূজা করার মধ্য দিয়ে মন্দতার অনুশীলন করেছিলেন, যদিও তিনি বাল দেবতার পূজার পাথর দূর করেছিলেন।
মোয়াবের রাজা মেশা ইসরাইলকে কর হিসাবে ১০০০০০ ভেড়া এবং ১০০০০০ ভেড়ার লোম দিতেন ।
আহাব মারা গেছে, এখন তার বোঝা ফেলে দেয়ার সময় হয়েছে।
আমি সেনাদের জড়ো করবো, ইস্রায়েল এখন দুর্বল এবং জয়ী হতে পারবে না।
যিহূদার রাজা যিহোশাফটের কাছে এই খবর পাঠাও- “মোয়াবের রাজা আমার বিরুদ্ধে বিদ্রোহ করছে। আপনি কি আমার সংগে মোয়াবের বিরুদ্ধে যুদ্ধ করতে যাবেন?”
যিহোশাফট ইস্রায়েলের যোরামের কাছে এসেছিলেন।
আমার লোকেরা এবং ঘোড়াগুলো আপনার আদেশের জন্য প্রস্তুত আছে। আপনার যুদ্ধের পরিকল্পনা কী?
আমরা ইদোমের মরু এলাকা থেকে আক্রমণ করব– ইদোমের রাজাও আমাদের সঙ্গে আছেন।
তিনটি সৈন্যবাহিনী মরুভূমির মধ্যে দিয়ে যাত্রা করলো কিন্তু সাত দিন পরে জল শেষ হয়ে গেল।
আমাদের কি করা উচিৎ?
সদাপ্রভু মোয়াবের হাতে তুলে দেবার জন্যই কি আমাদের এই তিন রাজাকে একসংগে ডেকেছেন?


যিহোশাফট জিজ্ঞাসা করলেন এখানে কি আমাদের সাথে সদাপ্রভুর কোন নবী নেই?
এলিয়ের সেবাকারী, ইলিশায়, এখানে আছেন।
তিনিই সেই লোক যাকে আমাদের প্রয়োজন।
ইস্রায়েলের রাজা, আপনার সাথে আমার সম্বন্ধ কি?
আপনি আপনার বাবা অথবা মায়ের নবীদের কাছে যান!
না, যাব না, কারণ মোয়াবের হাতে তুলে দেবার জন্য ঈশ্বরই আমাদের তিন রাজাকে ডেকে একত্র করেছেন।
সর্বশক্তিমান জীবন্ত সদাপ্রভুর দিব্য যে, যিহূদার রাজা যিহোশাফট যদি এখানে না থাকতেন তবে আমি এখানে আসতাম না।
এখন বীণা বাজায় এমন একজন লোককে আমার কাছে নিয়ে আসুন।
সদাপ্রভু আপনাদের এই উপত্যকায় অনেক খাদ তৈরী করতে বলছেন
কারণ আপনারা বাতাস কিম্বা বৃষ্টি দেখতে না পেলেও এই উপত্যকা জলে ভরে যাবে আর আপনারা জল খেতে পাবেন এবং আপনাদের গরু ভেড়া ও অন্যান্য পশুও জল খেতে পাবে।
কিন্তু এটা শুরু মাত্র, সদাপ্রভু আপনাদেরকে মোয়াবের উপর বিজয় দেবেন!
আপনারা তাদের শহরের সমস্ত ভাল জিনিষ জয় করে নেবেন- এমনকি দেয়াল ঘেরা দূর্গগুলিও- এবং সব ভাল ক্ষেত পাথর দিয়ে নষ্ট করে দেবেন।
২ রাজাবলি ৩:১১-১৯


পরের দিন খুব সকালে তারা ইদোমের দিকে তাকালেন।
নবী যেভাবে বলেছিলেন- সব জায়গা জলে ভরে গিয়েছিল।
মোয়াবীয়রা লড়াই করতে পারে এমন প্রতিটি লোককে একত্রিত করেছিল।
রক্ত! [১]
তিনটি সৈন্যবাহিনী আক্রমণ করেছে এবং একে অন্যকে মেরে ফেলেছে।
চল আমরা গিয়ে লুট করি!
[১] সূর্যের রশ্মি এবং লাল বেলেপাথর মিলে জলকে লাল রং দিয়েছিল।
কিন্তু ইশ্রায়েলীয় সৈন্যরা সরল বিশ্বাসী মোয়াবীয় সৈন্যদেরকে আক্রমণ করেছিল, তাদেরকে মেরে ফেলেছিল।
আমার মনে হয় তারা মারা গিয়েছে!
জীবন বাঁচাতে পালাও!




২য় রাজাবলী ৩:২৫-২৭



ইলীশায়ের আরও গল্প।
আমার স্বামী- আপনার শিষ্য নবীদের একজন- মারা গেছেন।
কিন্তু এখন আমার স্বামীর একজন পাওনাদার আমার দুই ছেলেকে তার দাস বানাবার জন্য নিয়ে যেতে এসেছে।
আমাকে বলতো তোমার ঘরে কি আছে?
একটুখানি তেল ছাড়া, আপনার দাসীর ঘরে কিছুই নেই।
তোমার সমস্ত প্রতিবেশীর কাছ থেকে অনেকগুলো খালি পাত্র চেয়ে আন।
'তুমি ও তোমার ছেলেরা ঘরে ঢুকে দরজা বন্ধ করে দাও।'
"তুমি ঐ সব পাত্রে তেল ঢাল আর একটা করে পাত্র ভর্তি হলে পর সেটা সরিয়ে রাখবে।'
আরেকটি পাত্র নিয়ে এস।
আর একটা পাত্রও বাকী নেই!
তখন তেল পড়া বন্ধ হয়ে গেল।
কড়াই পুরো ভরে না যাওয়া পর্যন্ত ঈশ্বর অলৌকিকভাবে তেল এর যোগান দিলেন ।
তুমি গিয়ে তেল বিক্রি করে তোমার দেনা শোধ করে দাও। যা বাকী থাকবে তা দিয়ে তোমার ও তোমার ছেলেদের খাওয়া-পরা চলবে ।


ইলীশায় এবং তার সহকারী, শূনেম শহরের উপর দিয়ে যাবার সময়ে একজন ধনী স্ত্রীলোকের বাড়ীতে খাওয়া দাওয়ার জন্য নিমন্ত্রণ পেয়েছিলেন।
তিনি ঈশ্বরের একজন পবিত্র লোক। চল, আমরা ছাদের উপরে একটা ছোট কামরার তৈরী করে তার মধ্যে তাঁর জন্য একটা খাট ও বিছানা ,টেবিল, চেয়ার ও একটা বাতিদান রাখি। তাহলে তিনি আমাদের  কাছে আসলে ওখানে থাকতে পারবেন।
তাদের পরবর্তী ভ্রমণ...
তুমি ঐ শূনেমীয় স্ত্রীলোকটিকে ডাক।
“ওকে বল যে, তিনি আমাদের জন্য এত কষ্ট করেছেন, এখন আমরা তাঁর জন্য কি করতে পারি? আমরা কি তাঁর জন্য রাজা বা সেনাপতির কাছে কোন অনুরোধ করব?”
আমি তো আমার নিজের লোকদের মধ্যে ভালই আছি।
তবে তাঁর জন্য কি করা যাবে?
তাঁর কোন ছেলে নেই আর তাঁর স্বামীও বুড়ো হয়ে গেছেন।
তাকে ডাক।



আগামী বছরের এই সময়ে আপনার কোলে একটা ছেলে থাকবে।
না, হে আমার প্রভু, হে ঈশ্বরের লোক, আপনার দাসীকে মিথ্যা আশা দেবেন না।
পরে স্ত্রীলোকটি গর্ভবতী হলেন এবং ইলীশায় যেমন বলেছিলেন ঠিক সেইমতই পরের বছর একই সময়ে তিনি ছেলের মা হলেন।
একদিন তার বাবা যখন ফসল কাটবার লোকদের সংগে ছিলেন, তখন সে তার বাবার কাছে গিয়ে বলল,
আমার মাথা - আমার মাথা!
ওকে তুলে ওর মায়ের কাছে নিয়ে যাও।
কিন্তু বালকটি দুপুরের মধ্যে মারা গেল।


স্ত্রীলোকটি উপরে গিয়ে ছেলেটাকে ঈশ্বরের লোকের বিছানায় শুইয়ে দিলেন।
তুমি এখনই একজন চাকর ও একটা গাধা আমার কাছে পাঠিয়ে দাও। আমি তাড়াতাড়ি করে ঈশ্বরের লোকের কাছে গিয়ে আবার ফিরে আসব।
তাঁর কাছে আজকে যাবে কেন? আজকে তো অমাবস্যাও নয়, বিশ্রামবারও নয়।
তিনি বললেন,তাতে ভাল হবে।
গাধাটা জোরে চালাও! আমি না বললে আস্তে চালাবে না।
ঐ দেখ, সেই শূনেমীয় স্ত্রীলোকটি। তুমি দৌড়ে তাঁর কাছে গিয়ে তাঁকে জিজ্ঞাসা কর যে
তিনি, তাঁর স্বামী ও তাঁর ছেলেটি ভাল আছে কি না।
আমার শিক্ষক জানতে চেয়েছেন আপনার সবকিছু ঠিক আছে কি না।
হ্যাঁ, সবাই ভালো আছে।


ওকে বাধা দিয়ো না।
ওর মনে খুব কষ্ট, কিন্তু সদাপ্রভু আমার কাছ থেকে তা লুকিয়ে রেখেছেন, আমাকে বলেন নি।
হে আমার প্রভু, আমি কি আপনার কাছে একটা ছেলে চেয়েছিলাম? আমি কি আপনাকে বলি নি যে, আমাকে আপনি মিথ্যা আশা দেবেন না!
তোমার কাপড় তোমার কোমর-বাঁধনিতে গুঁজে নাও আর আমার লাঠিটা হাতে নিয়ে ছুটে যাও।
জীবন্ত সদাপ্রভুর ও আপনার প্রাণের দিব্য যে, আমি আপনাকে ছেড়ে যাব না।
ইলীশায়ের সহকারী গেহশী তাদের আগে দৌড়ে গেল।
গেহসি আগে আগে গিয়ে ছেলেটির মুখের উপর লাঠিটা রাখল কিন্তু কোন শব্দ বা কোন সাড়া পাওয়া গেল না। "ছেলেটি জাগে নি।
এবং ইলীশায় সদাপ্রভুর কাছে প্রার্থনা করলেন।



তারপর তিনি বিছানার উপর উঠে ছেলেটির মুখের উপরে মুখ, চোখের উপরে চোখ এবং হাতের উপরে হাত রেখে শুলেন। তিনি যখন ছেলেটির উপর নিজে লম্বা হয়ে শুলেন তখন ছেলেটির গা গরম হয়ে উঠল।
তারপর তিনি সরে এসে ঘরের মধ্যে পায়চারি করতে লাগলেন। তারপর আবার তিনি বিছানায় উঠে আর একবার ছেলেটির উপর লম্বা হয়ে শুলেন।
এবার ছেলেটি সাতবার হাঁচি দিয়ে চোখ খুলল।
হ্যাঁচৌ..... হ্যাঁচৌ..... ...
"শূনেমীয় স্ত্রীলোকটিকে ডাক।
আপনার ছেলেকে নিয়ে যান ।


ইলীশায় গিল্‌গলে ফিরে গেলেন।
তখন সেই এলাকায় দুর্ভিক্ষ চলছিল।
বড় হাঁড়িটা চড়িয়ে এদের জন্য কিছু তরকারি রান্না কর।
তখন শিষ্য-নবীদের মধ্যে একজন শাক তুলে আনবার জন্য ক্ষেতে গিয়ে বুনো শসার লতা দেখতে পেলেন। তিনি তা থেকে কিছু ফল তুলে কোঁচড় ভরলেন।
হে ঈশ্বরের লোক, হাঁড়ির মধ্যে মৃত্যু-তাঁরা তা খেতে পারলেন না।
কিছু ময়দা নিয়ে এস।
এবার ওটা লোকদের খেতে দাও ।
ইলীশায় খাবারে ময়দা দেয়ার পরে সেখানে ক্ষতি করবার মতো কিছু হাঁড়ির মধ্যে রইলো না ।
বিস্ময়কর-সত্যিই ঈশ্বর ইলীশায়ের সাথে আছে ।
আমরা ঈশ্বরের কথা শুনে বা দেখে তাঁর সাথে হাঁটতে শিখতে পারি।




২য় রাজাবলী ৪:৪২-৪৪


নামান ছিলেন অরামের রাজার সৈন্যদলের সেনাপতি। তাঁর মনিবের চোখে তিনি ছিলেন একজন মহান ও সম্মানিত লোক, কিন্তু তার একটা সমস্যা ছিলো ।
তা হল চর্মরোগ।
তার স্ত্রী-র একজন ইস্রায়েলীয় দাস ছিল যে ইস্রায়েলীয়র এক অভিযানে বন্দী হয়েছিলো ।
আমার মনিব যদি কেবল একবার শমরিয়ার নবীর সংগে দেখা করতে পারতেন!
তাহলে তিনি তার চর্মরোগ ভাল করে দিতেন ।
আমার স্ত্রী আমাকে একজন ইস্রায়েলীয় নবীর খবর দিয়েছেন যে আমাকে সুস্থ করতে পারে এবং ঈশ্বরের আলৌকিক কাজ করতে পারেন- আপনার দাস কি তদন্ত করে দেখতে পারে?
ঠিক আছে, তুমি যাও। ইস্রায়েলের রাজার কাছে আমি একটা চিঠি দেব।
কাজেই নামান তিনশো নব্বই কেজি রূপা, আটাত্তর কেজি সোনা আর দশ সেট কাপড় নিয়ে বেরিয়ে পড়লেন।




২য় রাজাবলী ৫:১-৫


সিরিয়ার রাজা যা করলেন- তিনি বললেন, "আমি আমার সেনাপতি নামানকে এই চিঠি দিয়ে আপনার কাছে পাঠালাম যাতে আপনি তাঁকে তাঁর চর্মরোগ থেকে সুস্থ করেন।"
আমি তার সাথে একটা বড় যুদ্ধে হেরেছি।
আমি কি ঈশ্বর? আমি কি মেরে ফেলে আবার জীবন দিতে পারি?
চর্মরোগ থেকে সুস্থ হওয়ার জন্য কেন এই লোকটি আমার কাছে একজনকে পাঠিয়েছে?
কীভাবে সে আমার সাথে ঝগড়া বাধাবার চেষ্টা করছে!
মহাশয়, ভাববাদী ইলিশায়ের কাছ থেকে সংবাদ এসেছে।
''কেন আপনি আপনার কাপড় ছিঁড়েছেন?''
লোকটিকে আমার কাছে পাঠিয়ে দিন । তাতে সে জানতে পারবে যে ইস্রায়েলের একজন নবী আছে।
আনন্দের সাথে সিরিয়ার সেনাপতিকে ইলীশায়ের বাড়িতে পাঠাও।
দেখা যাক সে তার প্রতি কি করতে পারে!
আমার প্রভু আপনাকে এই বলে পাঠিয়েছেন আপনি গিয়ে সাতবার যর্দন নদীতে স্নান করুন-তাতে আপনি সুস্থ ও শুচি হবেন।

২য় রাজাবলী ৫:৬-১০


আমি ভেবেছিলাম তিনি নিশ্চয়ই বের হয়ে আমার কাছে আসবেন এবং দাঁড়িয়ে তাঁর ঈশ্বর সদাপ্রভুকে ডাকবেন আর চর্মরোগের জায়গার উপরে তাঁর হাত দুলিয়ে আমার চর্মরোগ ভাল করে দেবেন।
দামেস্কের অবানা ও পর্পর নদী কি ইস্রায়েলের সমস্ত নদীর জলের চেয়ে ভাল নয়? সেখানে স্নান করে কি আমি শুচি হতে পারতাম না?
হুজুর, ঐ নবী যদি আপনাকে কোন মহৎ কাজ করতে বলতেন তাহলে আপনি কি তা করতেন না?
তবে তিনি যখন আপনাকে স্নান করে শুচি হতে বলেছেন তা কি আপনার বেশী করে করা উচিৎ নয়!"
খুব ভালো।
তখন নামান ঈশ্বরের লোকের কথামত গিয়ে... যর্দনে সাতবার ডুব দিলেন।
এটা হতে পারে না...
ইস্রায়েলের ঈশ্বরই সত্যিকারের ঈশ্বর।
আমার চামড়া- ছোট শিশুর গায়ের চামড়ার মত সুন্দর!


আমি এখন জানতে পারলাম যে, একমাত্র ইস্রায়েলের ঈশ্বর ছাড়া সারা দুনিয়ার আর কোন ঈশ্বরর নেই।
এখন আপনি আপনার দাসের কাছ থেকে উপহার গ্রহণ করুন।
আমি যাঁর সেবা করি সেই জীবন্ত ঈশ্বরের দিব্য দিয়ে বলছি আমি একটা জিনিসও গ্রহণ করবো না ।
দয়া করে আপনি আমাকে সুস্থ করার মধ্য দিয়ে একটা অলৌকিক কাজ করেছেন ।
ইস্রায়েলের ঈশ্বর আপনাকে সুস্থ করেছেন ।
দু'টা গাধা বয়ে নিয়ে যেতে পারে এমন মাটি আপনার দাসকে দিন, কারণ আপনার এই দাস সদাপ্রভুকে ছাড়া আর কখনও কোন দেবতার কাছে পোড়ানো বা উৎসর্গ করবে না।
আপনি মনে শান্তি নিয়ে যান ।
"কিন্তু এই একটা ব্যাপারে যেন সদাপ্রভু তার দাস আমাকে ক্ষমা করেন। আমার মনিব যখন রিম্মোন দেবতার মন্দিরে ঢুকে আমার সাহায্যে রিম্মোনের উদ্দেশে মাটিতে মাথা ঠেকান।
''তখন আমাকেও সেখানে মাটিতে মাথা ঠেকাতে হয় - এই ব্যাপারে সদাপ্রভু আমাকে ক্ষমা করেন।"
ঐ অরামীয় নামান যা এনেছিল তা গ্রহণ না করে আমার মনিব এমনিই তাকে ছেড়ে দিয়েছেন ।
জীবন্ত সদাপ্রভু দিব্য যে আমি তার পিছনে পিছনে দৌড়ে গিয়ে তার কাছ থেকে কিছু চেয়ে নিব ।







২য় রাজাবলী ৫:২১-২৭



দেখুন, যে জায়গায় আমরা আপনার সংগে বসে আলোচনা করি সেই জায়গাটা আমাদের জন্য খুবই ছোট।
আপনি অনুমতি দিলে আমরা যর্দন নদীর কাছে গিয়ে প্রত্যেকে একটা করে খুঁটি যোগাড় করে নিয়ে সেখানে আমাদের জন্য একটা থাকবার জায়গা তৈরি করব ।
আচ্ছা, যাও ।
আপনিও আপনার দাসদের সঙ্গে চলুন ।
আচ্ছা, চল ।
হায় .. হায় হে আমার প্রভু কুড়ালটি যে আমি ধার করে এনেছিলাম!
ওটা কোথায় পড়েছে ?
এটা ওখানে পড়েছে।
ইলীশায় একটা কাঠ কেটে নিয়ে সেখানে ছুঁড়ে ফেললেন...
...তাতে লোহার ফলাটা ভেসে উঠলো।
ওটা তুলে নাও ।



সে সময় অরামের রাজা ইস্রায়েলের
বিরুদ্ধে যুদ্ধ করছিলেন ...
আমি এখানে আমার ছাউনি ফেলব ।
রাজা যিহোরাম, নবী ইলীশায়ের কাছ থেকে একটি সংবাদ রয়েছে, অরামের রাজা তার সৈন্যদল নিয়ে যেখানে ছাউনি ফেলবেন সেই বিষয়ে আমাদেরকে সতর্ক করেছেন।
তৃতীয়বারের মতো নবী আমাদেরকে তাদের অবস্থান সম্পর্কে সঠিক তথ্য দিয়েছেন ।
বল! আমাদের মধ্যে কে ইস্রায়েলের রাজার পক্ষে রয়েছে ?
হে আমার প্রভু মহারাজ, আমাদের মধ্যে কেউই না ।
আপনি শোবার ঘরে যে কথা বলেন সেই কথা পর্যন্ত ইস্রায়েলের নবী ইলীশায় ইস্রায়েলের রাজাকে বলে দেন ।
সে কোথায় আছে তোমরা গিয়ে তা খুঁজে বের কর যেন লোক পাঠিয়ে তাকে ধরে আনতে পারি ।
যখন অরামের রাজা নবীকে খুঁজে পেলেন তখন তিনি দোথনে ছিলেন, তিনি তখন ঘোড়া,রথ ও
একটি বড় সৈন্যদল পাঠিয়ে দিলেন এবং তারা ইলীশায়ের চারপাশে ঘেরাও করে ফেলল।






২য় রাজাবলী ৬:১৫-১৭


প্রভু, এই লোকগুলোকে তুমি আলোর ঝলকে অন্ধ করে দাও।
সদাপ্রভু তাদের অন্ধ করে দিলেন।
এটা সেই রাস্তাও নয়, এটা সেই শহরও নয় ।
তোমরা আমার পিছনে পিছনে এস, যে লোকের খোঁজ তোমরা করছো আমি তোমাদের তার কাছে নিয়ে যাব ।
এই বলে তিনি তাদের শমরিয়াতে নিয়ে গেলেন, ইস্রায়েলের রাজধানী।
হায় হায় -- আমরা এখন ইস্রায়েলের শহরে ।
তারা আমাদেরকে মেরে ফেলবে ।
হে সদাপ্রভু, এবার ওদের চোখ খুলে দাও যেন ওরা দেখতে পায়।
পিতা, আমি কি ওদের মেরে ফেলব?
আমরা কি যুদ্ধবন্দীদের মেরে ফেলব ?
ওদের আপনি খাবার ও জল দিন যাতে তারা খেয়ে দেয়ে তাদের মনিবের কাছে ফিরে যেতে পারে ।
ইলীশায় কথা অনুসারে রাজা তাদের জন্য একটা বড় ভোজের আয়োজন করলেন।
তারা খাওয়াদাওয়া শেষ করলে পর তিনি তাদের বিদায় করে দিলেন আর তারা তার মনিবের কাছে ফিরে গেল ।
তারা ইস্রায়েলের রাজ্যের মধ্যে লুটপাট করা বন্ধ করলেন ।


এর কিছুকাল পরে অরামের রাজা তাঁর সমস্ত সৈন্যদলদের জড়ো করলেন এবং তাদের নিয়ে গিয়ে ইস্রায়েলের রাজধানী শমরিয়া ঘেরাও করলেন।
অবরোধের ফলে দুর্ভিক্ষ এত খারাপ হয়েছিলো যে একটি গাধার মাথা এক কেজি রুপাতে বিক্রি হতে লাগল।
হে আমার প্রভু মহারাজ, আমাকে সাহায্য করুন ।
যদি সদাপ্রভু তোমাকে সাহায্য না করে তাহলে আমি কীভাবে তোমাকে সাহায্য করব ? খামার থেকে?
না আঙ্গুর মাড়াইয়ের যন্ত্র থেকে ?
কি হয়েছে?
এই স্ত্রীলোকটি আমাকে বলল,“আজ তোমার ছেলেকে আমাদের খেতে দাও এবং কাল আমরা আমাদের ছেলেকে খাব।
কাজেই আমরা আমার ছেলেকে রান্না করে খেলাম। পরের দিন আমি তাকে বললাম, “ এবার তোমার ছেলেকে খেতে দাও ,” কিন্তু সে তার ছেলেকে লুকিয়ে রেখেছিল ।
আজ যদি শাফটের ছেলে ইলীশায়ের মাথা তাঁর কাধের ওপর থাকে তবে ঈশ্বর যেন আমাকে শাস্তি দেন ভীষণভাবে দেন!


আপনারা কী দেখতে পাচ্ছেন না সেই খুনি আমার মাথা কেটে ফেলবার জন্য কীভাবে একজন লোককে পাঠাচ্ছে?
দেখুন, লোকটা আসলে পর দরজা বন্ধ করে দিবেন। তার পিছন পিছন কী তার মনিবের পায়ের শব্দ শোনা যাচ্ছে না?
এই বিপদ সদাপ্রভুর কাছ থেকেই এসেছে । তবে আমি কেন সদাপ্রভুর জন্য অপেক্ষা করব?
সদাপ্রভু কী বলছেন তা শুনুন ।
তিনি বলছেন, আগামীকাল শমরিয়ার ফটকে বারো গ্রাম রুপায় ছয় কেজি ময়দা ও বারো গ্রাম রুপায় বারো কর্জো যব বিক্রি হবে ।
দেখুন, যদি সদাপ্রভু আকাশের দরজাও খুলে দেন তবুও কি এটা হতে পারে?
তুমি নিজের চোখে এটি দেখতে পাবে কিন্তু কিছুই তুমি খেতে পারবে না ।



চার কুষ্ঠরোগী একটি বিড়ম্বনার মুখে পড়েছিল ।
আমরা এখানে থেকে কেন মরব? যদি বলি আমরা শহরে যাব তবে সেখানেও দুর্ভিক্ষ আর আমরা মারা যাব ।
যদি এখানেও থাকি আমরা মারা যাব ।
তার চেয়ে বরং চল অরামীয়দের ছাউনিতে গিয়ে তাদের হাতে নিজেদের তুলে দেই ।
যদি তারা আমাদের বাচাঁয় তবে তো আমরা বাঁচলাম নইলে মরবো আর কি ।
ছাউনির ধারে গিয়ে দেখলো একজন লোকও নেই সদাপ্রভু রথ,ঘোড়া, ও মস্ত বড় একদল সৈন্যের আওয়াজ অরামীয়দের শুনিয়েছিলেন ।
আমাদের আক্রমন করবার জন্য ইস্রায়েলের রাজা হিত্তীয় ও মিশরীয় রাজাদের টাকা দিয়েছেন।
জীবন বাঁচানোর জন্য পালাও ।
আমি আমাদের ভাগ্যকে বিশ্বাস করতে পারছি না ।
আমরা ধনী।
আমাদের কাজটা কিন্তু ভালো হচ্ছে না । আজ একটা সুখবরের দিন আর আমরা কাউকে কিছু না বলে আমরা চুপ করে আছি।
আমরা যদি সকাল পর্যন্ত দেরি করি তবে শাস্তি আমাদের ওপর নেমে আসবে । আমরা এখনই গিয়ে রাজবাড়ীতে খবরটা জানাই ।


২য় রাজাবলী ৭:৩-৯






২য় রাজাবলি ৭:১০-২০


ইলীশায় দুর্ভিক্ষের ব্যাপারে স্ত্রীলোকটিকে সতর্ক করার কারণে শূনেমীয় স্ত্রীলোকটি যার ছেলেকে ইলীশায় জীবিত করেছিলো সে সাত বছর পলেষ্টীয় দেশে বসবাস করেছিলো ।
যখন সে ফিরে আসলো তখন অন্য কেউ তার ঘর, জমি দখল করে নিয়েছিলো, তাই সে রাজার কাছে গেল ।
সেই দিন, ইলীশায়ের চাকর গেহসী, ইলীশায় যে সমস্ত অলৌলিক কাজ করেছেন, এবং সেই সাথে সেই মহিলার ছেলেকে মৃত্যু থেকে জীবিত করেছিলেন তা রাজাকে বলছিলেন।
হে আমার প্রভু মহারাজ ইনিই সেই স্ত্রীলোক এই সেই ছেলে যাকে ইলীশায় বাচিঁয়ে তুলেছিলেন।
এই প্রথমবার আমি শুনলাম কেউ মৃত থেকে জীবিত হয়ে ফিরে এসেছে।
তাঁর সবকিছু তাকে ফিরিয়ে দাও আর সে দেশ ছেড়ে যাবার পর থেকে আজ পর্যন্ত তার জমি থেকে যা আয় হয়েছে তাও ফিরিয়ে দাও।
হ্যাঁ মহারাজ আপনি যেভাবে বলেছেন তাই হবে ।

২য় রাজাবলি ৮: ১-৬



ঈশ্বর এলিয়কে হোরেব পর্বতে যে তিনটি আদেশ দিয়েছিলেন তার একটি আদেশ পালন করার জন্য দম্মেশকে গিয়েছিলেন। (১ম রাজা ১৯:১৫-১৬)
অরামের রাজা অসুস্থ ছিলেন আর যখন তিনি শুনলেন ইলীশায় রাজধানীতে এসেছেন তখন তিনি তার দাস হসায়েলকে ডাকলেন।
তুমি একটা একটা উপহার নিয়ে ঈশ্বরের লোকের সঙ্গে দেখা করতে যাও ।
তার মধ্য দিয়ে সদাপ্রভুর কাছ থেকে জেনে নিও আমি এই অসুখ থেকে ভাল হয়ে উঠবো কি না ।
হসায়েল তখন উপহার হিসাবে দম্মেশকের সবচেয়ে ভাল ভাল জিনিস চল্লিশটা উটের পিঠে বোঝাই করে নিয়ে ইলীশায়ের সংগে দেখা করতে গেলেন।
আপনার পুত্র অরামের রাজা বিনহদদ আমাকে জিজ্ঞাসা করতে পাঠিয়েছেন " তিনি এই অসুখ থেকে ভাল হবেন কিনা?"
তুমি গিয়ে তাঁকে বল যে,"তিনি নিশ্চয়ই ভাল হয়ে উঠবেন"।
কিন্তু সদাপ্রভু আমার কাছে প্রকাশ করেছেন যে, আসলে তিনি মারা যাবেন।
এই বলে হসায়েল লজ্জা না পাওয়া পর্যন্ত ইলীশায় তার দিকে তাকিয়েই রইলেন। [১]
[১] হসায়েল লজ্জিত হলেন কারণ তিনি বুঝতে পেরেছিলেন যে ইলিশায় জানতেন যে তিনি রাজাকে হত্যা করার ষড়যন্ত্র করেছিলেন।




২য় রাজাবলী ৮: ৭-১১


আমার প্রভু কেন কাঁদছেন ?
কারণ আমি জানি তুমি ইস্রায়েলীয়দের কি ক্ষতি করবে।
তুমি তাদের দূর্গগুলোতে আগুন লাগাবে, তলোয়ারের ঘায়ে তাদের যুবকদের মেরে ফেলবে, তাদের ছোট ছোট ছেলেমেয়েদের মাটিতে আছাড় মারবে এবং তাদের গর্ভবতী মেয়েদের পেট চিড়ে দেবে।
মাত্র একটা কুকুরের মতো আপনার দাস কেমন করে এই সাহসের কাজ করবে ?
তুমি অরামের রাজা হবে সদাপ্রভু আমাকে তা দেখিয়ে দিয়েছেন।
ইলীশায় তোমাকে কি বলেছেন ?
তিনি আমাকে বলেছেন আপনি নিশ্চয়ই ভাল হয়ে যাবেন।
কিন্তু হসায়েল একটা কম্বল জলে ভিজিয়ে নিয়ে রাজার মুখের ওপর চাপা দিলেন এতে রাজা মারা গেলেন ।
ইউজএইচ
তারপর হসায়েল বিন্‌হদদের জায়গায় রাজা হলেন।













**SUPERBIBLE.TV**